

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০০১.২০১৩-৩০

তারিখ: ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২১

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর নোয়াখালী (নোয়াখালী, ফেণী ও লক্ষ্মীপুর জেলা) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।


সূত্র: এলজিইডি’র স্মারক নং-৪৬.০২.০০০০.৭৩৩.১৪.০১৭.২০-১৬৮; তারিখ: ৩০/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বৃহত্তর নোয়াখালী (নোয়াখালী, ফেণী ও লক্ষ্মীপুর জেলা) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৪৫০.০০ কোটি (চারশত পঞ্চাশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৩ হতে জুন ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ০৮/১০/২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ৫৯২.৬৯ কোটি (পাঁচশত বিরানব্বই কোটি উনসত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় জুলাই ২০১৩ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৪/০২/২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ২য় সংশোধিত ডিপিপি ৭৪০.৬৯ কোটি (সাতশত চল্লিশ কোটি উনসত্তর) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৩ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৭/১১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। অতঃপর আইএমইডি ও পরিকল্পনা কমিশনের সম্মতির প্রেক্ষিতে প্রকল্পটির মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপূর্ণিত ভৌত অগ্রগতি ৯৮.৮৯%, আর্থিক অগ্রগতি ৭১৯.১৫৭৪ কোটি টাকা (৯৭.১১%)।

২। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজ বন্ধ থাকা, অনুমোদিত ডিপিপি-তে বছর ভিত্তিক বরাদ্দ বিভাজন অনুযায়ী বরাদ্দ না পাওয়ায় প্রকল্পটির কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় প্রকল্পে নিয়োজিত জনবলের বেতন-ভাতা ও মাঠ পর্যায়ে ঠিকাদারের বিল পরিশোধের জন্য প্রকল্পটির ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধির প্রয়োজন।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর নোয়াখালী (নোয়াখালী, ফেণী ও লক্ষ্মীপুর জেলা) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৬ (ছয়) মাস অর্থাৎ জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০২০ এর পরিবর্তে জুলাই ২০১৩ হতে জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ০১ (এক) প্রস্থ।


(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

- ০১। সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।